



Coronavirus (COVID-19) এর পরীক্ষা

Coronavirus (COVID-19) নিয়ে যদি আপনার কোন প্রশ্ন থাকে, তবে ২৪-ঘন্টার Coronavirus হটলাইনে 1800 675 398 নম্বরে কল করুন।

Coronavirus-এর পরীক্ষার জন্য আপনাকে কোথায় যেতে হবে তা জানতে আপনি ২৪-ঘন্টার Coronavirus হটলাইনে 1800 675 398 নম্বরে কল করতে পারেন বা <https://www.dhhs.vic.gov.au/getting-tested-coronavirus-covid-19> ওয়েবসাইটটিতে যেতে পারেন।

আপনার যদি একজন অনুবাদকের প্রয়োজন হয়, তবে প্রথমে 131 450 নম্বরে কল করুন, তারপর Coronavirus-এর হটলাইনে দিতে অনুরোধ করুন বা তাঁদেরকে আপনার জন্য ওয়েবসাইটটিতে খুঁজে দেখতে বলুন।

অনুদিত আরো অনেক তথ্য আপনি <https://www.coronavirus.vic.gov.au/translations> ওয়েবসাইটটিতে পেতে পারেন।

ভিক্টোরিয়ার সকল মানুষের জন্য Coronavirus-এর পরীক্ষা বিনা মূল্যে করা হয় ; আন্তর্জাতিক শিক্ষার্থী, যারা আশ্রয়প্রার্থী বা যারা বিদেশ থেকে বেড়াতে এসেছেন তাঁরাও এর অন্তর্ভুক্ত।

Coronavirus-এর পরীক্ষা সবার জন্য বিনামূল্যে করা হয়। এর মধ্যে অন্তর্ভুক্ত আছেন সেসব মানুষ যাদের Medicare card নেই, যেমন বিদেশ থেকে আগত অতিথি, আন্তর্জাতিক শিক্ষার্থী, অভিবাসী কর্মী এবং আশ্রয়প্রার্থী।

আপনার যদি উপসর্গগুলো থাকে, তাহলে বিনামূল্যে পরীক্ষাটি নিচের যেকোন স্থান থেকে করতে পারবেনঃ

- ভিক্টোরিয়ার কোন একটি হাসপাতালে Coronavirus-এর তীব্র শ্বাস-প্রশ্বাসজনিত মূল্যায়নের ক্লিনিক (Respiratory Assessment Clinic)
- কোন একটি কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রে শ্বাস-প্রশ্বাসজনিত মূল্যায়নের ক্লিনিক (A Community Health Centre Respiratory Assessment Clinic)
- কোন শপিং সেন্টারে একটি ড্রাইভ-থ্রু ক্লিনিক
- কোন একটি রিজিওনাল ওয়াক-থ্রু ক্লিনিক

Coronavirus-এর পরীক্ষা কাদের করানো উচিত?

আপনার যদি নিচের যেকোন উপসর্গ থেকে থাকে তবে আপনার Coronavirus-এর পরীক্ষা করানো উচিতঃ

- জ্বর
- শরীর ঠান্ডা হয়ে যাওয়া
- কাশি
- গলা ব্যাথা
- নিঃশ্বাসের স্বল্পতা
- সর্দি
- ঘ্রাণের অনুভূতি হারানো

আপনার উপসর্গগুলো হালকা হলেও আপনার পরীক্ষা করানো উচিত।

আপনাকে পরীক্ষা করার সময় কী হবেঃ

পরীক্ষার সময়, আপনার কাছে যেকোন এক ধরনের পরিচয়পত্র এবং যোগাযোগের তথ্য জানতে চাওয়া হবে। আপনার যদি Medicare card না থাকে তবে অনুগ্রহ করে যেকোন একটি পরিচয়পত্র আনবেন, যেমন আপনার ড্রাইভার্স লাইসেন্স, পাসপোর্ট, যানবাহনের কম্পেশন কার্ড বা স্টুডেন্ট আইডি। পরীক্ষাকারী ক্লিনিকের আপনার ভিসা সম্পর্কে জানার প্রয়োজন নেই।

Coronavirus-এর পরীক্ষাটি একজন নার্স, ডাক্তার বা অন্যান্য স্বাস্থ্য পেশাজীবী দ্বারা করানো হয়। তাঁরা আপনার কণ্ঠনালীর পেছন দিক এবং নাক মুখে নেবেন। পরীক্ষাটি করাতে এক মিনিটের মতো সময় লাগে।

Coronavirus-এর পরীক্ষা করানোর পর আমার কি স্ব-বিচ্ছিন্ন হবার প্রয়োজন আছে?

আপনার যদি উপসর্গ থেকে থাকে তবে আপনার ডাক্তার বা স্বাস্থ্যসেবা কর্মী আপনাকে বলে দেবেন যে আপনার স্ব-বিচ্ছিন্ন (self isolation) থাকা উচিত, যতক্ষণ না আপনার পরীক্ষার ফলাফল আপনি পাচ্ছেন। এর মানে হচ্ছে অবিলম্বে বাড়িতে চলে যাওয়া এবং বাড়িতেই অবস্থান করা যতক্ষণ না আপনি আপনার পরীক্ষার ফলাফল পাচ্ছেন।

যেখানে আপনার পরীক্ষা করানো হয়েছিলো সেখানকার ডাক্তার বা ক্লিনিক আপনার সাথে যোগাযোগ করে জানাবেন যে আপনার ফলাফল করোন ভাইরাসের জন্য পজিটিভ বা নেগেটিভ।

ফলাফল পেতে কত সময় লাগে?

সাধারণত পরীক্ষা করানোর ১-৩ দিনের মধ্যে ফলাফল পাওয়া যায়। যদি (এক সাথে) অনেক মানুষের পরীক্ষা করা হয়, তবে ৫ দিন পর্যন্ত লাগতে পারে আপনার ফলাফল পেতে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে ফলাফল নিয়ে, তবে যেখানে আপনার পরীক্ষাটি করানো হয়েছে সেই ক্লিনিক বা হাসপাতালের সাথে যোগাযোগ করুন। আপনাকে যদি কোন শপিং সেন্টারের ড্রাইভ-থ্রু ক্লিনিকে পরীক্ষা করা হয় এবং আপনি ফলাফলের জন্য ৫ দিনের বেশি সময় ধরে অপেক্ষা করা থাকেন, তাহলে অনুগ্রহ করে তবে ২৪-ঘন্টার Coronavirus হটলাইনে 1800 675 398 নম্বরে কল করুন। আমাদের টিম আপনাকে ফলাফল পেতে সাহায্য করবে। শপিং সেন্টারের ড্রাইভ-থ্রু ক্লিনিক আপনাকে ফলাফল পেতে সাহায্য করতে পারবে না, তাই অনুগ্রহ করে তাঁদের সাথে ফলাফলের জন্য যোগাযোগ করবেন না।

আপনাকে ফলাফল জানানো হবে, যদি ফলাফল নেগেটিভ হয় তবুও। আপনার ফলাফল যদি পজিটিভ হয়, তাহলে ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউমেন সার্ভিসেস (Department of Health and Human Services) -এর পক্ষ থেকে কেউ আপনার সাথে আরও তথ্যের জন্য যোগাযোগ করবে এবং কী করতে হবে তা আপনাকে বলে দেবেন।

এই প্রকাশনাটি সহজলভ্য ফরমেটে পেতে ইমেইল করুন [Emergency Management Communications](mailto:em.comms@dhhs.vic.gov.au)
<em.comms@dhhs.vic.gov.au>.

Authorised and published by the Victorian Government, 1 Treasury Place, Melbourne.

© State of Victoria, Australia, Department of Health and Human Services May 2020.

ISBN/ISSN 978-1-76069-423-4 (online/print)

Available at [Translated resources - coronavirus disease \(COVID-19\)](https://www.dhhs.vic.gov.au/translated-resources-coronavirus-disease-covid-19) <<https://www.dhhs.vic.gov.au/translated-resources-coronavirus-disease-covid-19>>